

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৩৯-আইন/২০২৬/৩৪৪-মূসক।- সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮১-আইন/২০২৫/৩০৯-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের-

(ক) ক্রমিক নং (৯) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৯) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৯) Cotton, not carded or combed (5201.00.00), Broken or Scotched Flax Fiber (5301.21.00), Flax Fiber (5301.29.10), Hemp Fiber (5302.10.00), Synthetic staple fibre, not carded, combed or otherwise processed for spinning of polyesters (5503.20.00), Artificial staple fibres, not carded, combed or otherwise processed for spinning of viscose rayon (5504.10.00) আমদানির ক্ষেত্রে;”;

(খ) ক্রমিক নং (১১) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (১১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১১) কোনো নিবন্ধিত উৎপাদনকারী ও সেবা প্রদানকারী কর্তৃক নিজস্ব প্রতিষ্ঠানে ব্যবহারের উদ্দেশ্যে কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতী সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ;”;

(গ) ক্রমিক নং (১৩) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (১৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১৩) কৃষি মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত H.S Code 3808.61.00, 3808.62.00, 3808.69.00, 3808.91.10, 3808.92.10 এবং 3808.93.10 এর বিপরীতে কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও আগাছানাশক এবং নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক উহা উৎপাদনে ব্যবহৃত উপকরণ Castor Oil

Polyglycol 36-37 (H.S Code 1515.30.00),
Solvesso 150 (APAC) (H.S Code 2707.50.90),
Genapol 100 (H.S Code 2909.49.00),
Propoconazole Technical 220 KG 22D (H.S
Code 2934.99.90), Dodecylbzols Acid
Branched CA-S Sol (H.S Code 3402.11.90);”;

(ঘ) ক্রমিক নং (২২) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (২২)
প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-
৩৭১-আইন/২০২৫/৩২৪-মুসক, তারিখ: ১৭ সেপ্টেম্বর,
২০২৫ খ্রি: এর আওতায় আমদানিকৃত ন্যূনতম ৫০০০
DWT এর উর্ধ্বে সমুদ্রগামী জাহাজ;”;

(ঙ) ক্রমিক নং (২৫) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (২৫)
প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২৫) কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)
এর অধীন প্রণীত অপার্টিক যাত্রী ব্যাগেজ বিধিমালা,
২০২৫ এর আওতায় বিক্রি বা হস্তান্তরের জন্য নহে
এইরূপ আমদানিকৃত পণ্য;” এবং

(চ) ক্রমিক নং (৫১) এর প্রান্ত:স্থিত “।” চিহ্নের পরিবর্তে “;”
চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন ক্রমিক
নং (৫২) ও (৫৩) সংযোজিত হইবে, যথা:-

“(৫২) কিডনী রোগীদের চিকিৎসায় ব্যবহার্য H.S. Code
9018.39.18 এর আওতায় আমদানিকৃত Blood
Tubing Set for Hemodialysis; এবং

“(৫৩) Point of sales (POS) (8470.50.10), Electric
Charger or Charging station (8504.40.50),
Electric Bus Chassis fitted with battery and
motor (8706.00.25) এবং Electric Truck Chassis
fitted with battery and motor (8706.00.60)
আমদানির ক্ষেত্রে।”

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
সচিব